

পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড

পদ্মা ভবন, স্ট্র্যান্ড রোড, চট্টগ্রাম

স্মারক নং-২৮.২২.০০০০.৭০০.১১.০০১.১৮.০১

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
৫ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

ড্রাইভার পদে নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর অঙ্গপ্রতিষ্ঠান পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড এ ১৮টি স্থায়ী পদে ড্রাইভার নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী পুরুষ নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

১. কর্মস্থল : বাংলাদেশের যে কোন স্থানে অবস্থিত কোম্পানীর অফিস/স্থাপনা।

২. বয়সসীমা (৩০ জুন ২০১৮ তারিখে) : সর্বোচ্চ ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে ৩২ বছর।

৩. যোগ্যতা ও অভিজ্ঞতা :

ক) শিক্ষাগত যোগ্যতা : ন্যূনতম এস এস সি পাশ। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ।

খ) অভিজ্ঞতা : হালকা/ভারী যান চালনায় ন্যূনতম ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে। এ কোম্পানীতে ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত বা অন্য যে কোন ভাবে নিয়োজিত অস্থায়ী/চুক্তিভিত্তিক ড্রাইভার হিসেবে ৫ (পাঁচ) বছর বা ততোধিক চাকুরিরত ড্রাইভারদের অগ্রাধিকার প্রদান করা হবে। তাদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

৪. সংক্ষিপ্ত কার্যবিবরণী : সকল ধরনের হালকা/ভারী যান চালনা, গাড়ীর লগ-শীট লেখা, গাড়ীর ইঞ্জিন সংক্রান্ত প্রাথমিক সমস্যা নিরূপণ ও সমাধান করা, গাড়ীর রক্ষণাবেক্ষণ ও পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।

৬. বেতন ও অন্যান্য সুবিধাদি : কোম্পানির বিধি মোতাবেক।

৭. আবেদনের নিয়মাবলী : আবেদন ফরম কোম্পানির ওয়েব-সাইট (www.pocl.gov.bd) হতে ডাউনলোড করতে হবে। উক্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে নিম্নে উল্লিখিত প্রমাণিক দলিলাদি সংযুক্তপূর্বক নিম্নবর্ণিত ঠিকানা বরাবর রেজিস্টার্ড ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না।

ক) “পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড” এর অনুকূলে ১০০.০০ টাকার ডিডি/পে-অর্ডার।

খ) সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।

গ) BRTA কর্তৃক ইস্যুকৃত বৈধ ড্রাইভিং লাইসেন্স এর ফটোকপি।

ঘ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

ঙ) স্ব-স্ব এলাকার ওয়ার্ড কমিশনার/পৌরসভা চেয়ারম্যান/ইউপি চেয়ারম্যানের নিকট হতে চারিত্রিক সনদপত্র।

চ) শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য সনদ এর ফটোকপি।

ছ) অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি। কোম্পানীতে নিয়োজিত অস্থায়ী/চুক্তিভিত্তিক ড্রাইভারদের ক্ষেত্রে এ কোম্পানির সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতার প্রত্যয়নপত্রের ফটোকপি।

৮. পরীক্ষা পদ্ধতি :

ক) প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষা এবং ড্রাইভিং টেস্ট গ্রহণ করা হবে।

খ) বর্ণিত দলিলাদির মূলকপি পরীক্ষার দিন অবশ্যই সঙ্গে আনতে হবে।

গ) উত্তীর্ণ প্রার্থীদের কোম্পানি কর্তৃক গঠিত মেডিকেল বোর্ডের স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৯. আবেদনকারীর জন্য প্রযোজ্য/অনুসরণীয় অন্যান্য শর্তাবলী :

ক) বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ) খামের উপর আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে।

গ) প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

ঘ) কর্তৃপক্ষ যে কোন সময় কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া বাতিল করতে পারে।

ঙ) অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

চ) কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

আবেদন গ্রহণের শেষ তারিখ: ৩০ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

উল্লিখিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

আবেদনপত্র প্রেরণের ঠিকানা:

উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড

প্রধান কার্যালয়, স্ট্র্যান্ড রোড

সদরঘাট

চট্টগ্রাম।

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড
 চট্টগ্রাম

পাসপোর্ট-সাইজ
 রঙ্গিন ছবি

ড্রাইভারের চাকুরির জন্য আবেদন পত্র

১	পদের নাম :		
২	বিজ্ঞপ্তি নং :		
৩	প্রার্থীর নাম	বাংলায় : ইংরেজীতে (বড় অক্ষরে) :	
৪	মাতার নাম		
৫	পিতার নাম		
৬	ঠিকানা :	বর্তমান	স্থায়ী
	বাসা ও সড়ক(নাম/নম্বর)		
	গ্রাম/পাড়া/মহল্লা		
	ইউনিয়ন/ওয়ার্ড		
	ডাকঘর		
	পোস্টকোড নম্বর		
	উপজেলা		
	জেলা		
৭	কোন ঠিকানায় ইন্টারভিউ কার্ড পাঠাতে হবে (টিক দিন) :	বর্তমান	স্থায়ী
৮	জন্ম তারিখ :		
৯	আবেদন পত্র জমাদানের শেষ তারিখে প্রার্থীর বয়স :	বছর	মাস দিন
১০	যোগাযোগ মোবাইল/টেলিফোন নং	ইমেইল(যদি থাকে)	
১১	জাতীয়তা :		
১২	ধর্ম :		
১৩	জাতীয় পরিচয়পত্র নং		
১৪	শিক্ষাগত যোগ্যতা		
	পরীক্ষার নাম	সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠানের নাম	পাসের সন
১৫	অভিজ্ঞতার বিবরণ : (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ব্যক্তি কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন-পত্র দাখিল করতে হবে)		
১৬	ব্যাংক-ড্রাফট/পে-অর্ডার নং :		তারিখ :
	ব্যাংক ও শাখার নাম :		
১৭	ক)এ কোম্পানীতে ড্রাইভার হিসেবে কর্মরত আছে কিনা (টিক দিন) :		হ্যাঁ না প্রযোজ্য নয়
	খ) এ কোম্পানীতে ড্রাইভার হিসেবে কর্মকালীন সময়-কাল : (এ কোম্পানীর সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন-পত্র দাখিল করতে হবে)		বছর মাস

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত সকল তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য মূল সনদ ও রেকর্ডসমূহ উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

আবেদনের তারিখ	দিন	মাস	বছর

প্রার্থীর স্বাক্ষর